



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য প্রাণিসম্পদ মন্ত্রণালয়
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজশাহী

নম্বর: ৩৩.০২.৮১০০.৪০০.৬৫.০০১.২১.৪২৮

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২৩-২৪ বাস্তবায়নের অংশ হিসেবে আগামী ২৭.০৯.২০২৩ খ্রি. তারিখে জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহীর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হবে।

সময়: দুপুর ১২.০০ ঘটিকা

স্থান: জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজশাহী

সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৬-০৯-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম
জেলা মৎস্য কর্মকর্তা

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, পবা/পুঠিয়া/গোদগাড়ী/চারঘাট/মোহনপুর/ তানোর/বাঘা/বাগমারা/দুর্গাপুর, রাজশাহী এবং
- ২। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, রাজশাহী সদর/পুঠিয়া, রাজশাহী।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
রাজশাহী

www.fisheries.rajshahi.gov.bd

২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	১৯.০৭.২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী এর অফিস কক্ষ
উপস্থিতি	(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ১ম সভা জনাব মোঃ জাহাঙ্গীর আলম, জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী এর সভাপতিত্বে ১৯.০৭.২০২৩ খ্রি. তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের সহকারী পরিচালক, জনাব মোঃছাঃ শিরিন শীলা ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ০৫ টি ক্ষেত্র নির্ধারিত রয়েছে। এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন একটি ক্ষেত্র। ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম এই ৩টি ক্ষেত্রে নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন করা হবে। ৩টি ক্ষেত্রে নির্ধারিত কার্যক্রমসমূহ যথাসময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার নিমিত্ত ইতোমধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক. জেলা মৎস্য দপ্তরসহ সকল উপজেলা দপ্তর ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিকের কার্যক্রম (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০.১০.২০২৩ খ্রি. তারিখের মধ্যে স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করবেন।

খ. স্ব দপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবন্ড হালনাগাদ রাখবেন।

গ. পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করবেন।

ঘ. অর্জিত রাজস্ব আয় নিয়মিত সংশ্লিষ্ট ব্যাংকে জমা করবেন এবং

ঙ. সিনিয়র সহকারী পরিচালক এর পদ শূন্য থাকাকালীন সহকারী পরিচালক অত্র দপ্তর নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-০৯-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম
জেলা মৎস্য কর্মকর্তা

নম্বর: ৩৩.০২.৮১০০.৪০০.৬৫.০০১.২১.৪১৬

তারিখ: ৩০ ডিগ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;

২। সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, পবা/পুঠিয়া/গোদগাড়ী/চারঘাট/মোহনপুর/ তানোর/বাঘা/বাগমারা/দুর্গাপুর, রাজশাহী এবং

৩। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, রাজশাহী সদর/পুঠিয়া, রাজশাহী।



A handwritten signature in black ink, appearing to be 'আব্দুল আলম' (Abdul Alam).

১৪-০৯-২০২৩

মোঃ জাহাঙ্গীর আলম
জেলা মৎস্য কর্মকর্তা